

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৭৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৮. 'আসরের পর সালাত আদায় করা প্রসঙ্গে

باب الصَّلاةِ بَعْدَ الْعَصْر

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ وَهْب، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ، عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَحِّ، عَنْ كُرَيْب، مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عَبَّاسٍ، وَعَبْدَ الرَّحْمَنِ بْنَ أَزْهَرَ، وَالْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ، أَرْسَلُوهُ إِلَى عَايْشَةَ زَوْجِ النَبِيِّ صلى الله عليه وسلم فَقَالُوا : اقْرَأْ عَلَيْهَا السَّلَامَ مِنَّا جَمِيعًا وَسَلْهَا عَنِ الرَّكْعَتَيْنِ بَعْدَ الْعَصْرِ وَقُلْ إِنَّا أُخْبِرْنَا أَنَّك تُصَلِّينَهُمَا وَقَدْ بُلَغَنَا أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم نَهَى عَنْهُمَا . فَدَخَلْتُ عَلَيْهَا فَبَلَّغْتُهَا مَا أَرْسَلُونِي بِهِ إِلَى عَائِشَةَ، فَقَالَتْ أُمُّ سَلَمَةَ : سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله الله عليه وسلم مَنْ عَبْدِي بِسُولُ اللهِ صلى الله عليه وسلم يَنْهَى عَنْهُمَا فَرَدُّونِي إِلَى أُمِّ سَلَمَةَ بِمِثْلُ مَا أَرْسُلُونِي بِهِ إِلَى عَائِشَةَ، فَقَالَتْ أُمُّ سَلَمَةَ : سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَنْهَى عَنْهُمَا أَمْ رَأَيْتُهُ يُصَلِّيهِمَا أَمَّا حين صَلَاهُمَا فَإِنَّهُ صَلَى الْعُصَرُ ثُمَّ دَخَلَ وَعِنْدِي نِسُوةٌ مِنْ بَنِي حَرَامٍ مِنَ الْأَنْصَارِ، فَصَلَاهُمَا فَأَرْسَلُتُ إِلَيْهِ الْجَارِيَةَ فَقُلْتُ : وَعَنْدِي نِسُوةٌ مِنْ بَنِي حَرَامٍ مِنَ الْأَنْصَارِ، فَصَلَاهُمَا فَأَرْسَلْتُ إِلَيْهِ الْجَارِيَةَ فَقُلْتُ : وَعَنْدِي بِعِبْهِ فَقُولِي لَهُ تَقُولُ أَمُّ سَلَمَةً يَا رَسُولَ اللهِ؟ أَسْمَعُكَ تَنْهِى عَنْ هَاتَيْنِ الرَّكْعَتَيْنِ بَعْدَ وَقَوْمِهِمْ فَسَغُلُونِي عَنْ الرَّكْعَتَيْنِ بَعْدَ الْعَصْرِ فَاسَتُأْخِرِي عَنْهُ . قَالَتْ: فَفَعَلَتِ الْجَارِيَةُ فَلَلْتَ الْعَصْرِ وَأَنْ الْتَعْرَبُ بَعْدَ الْعَصْرِ فَالْمَالُ مِنْ عَنْ فَمْهُمْ فَسَغُلُونِي عَنِ الرَّكْعَتَيْنِ اللَّيْسِ بَعْدَ الْعَصْرِ السَّلُهُ فَلَعَ اللهُ الْمَرَفَ قَالَ " يَا بِنْتَ أَيْ فَمْهُمْ فَسَغُلُونِي عَنِ الرَّكْعَتَيْنِ اللَّيْسِ بَعْدَ الْعَصْرِ السَّلُومُ وَالْمُ اللَّهُ فَلَى اللَّهُمُ الْفَاتَانِ " . .

_ صحیح : ق

বাংলা



১২৭৩। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাভ্ 'আনভ্মা-এর মুক্তদাস কুরাইব (রহঃ) সূত্রে বর্ণিত। একদা 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস, 'আবদুর রহমান ইবনু আযহার ও আল-মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ) সকলেই তাকে নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী 'আয়িশাহ্ (রাঃ)-এর কাছে প্রেরণ করেন। (তারা তাকে বললেন), আমাদের পক্ষ হতে 'আয়িশাহকে সালাম জানাবে, তাঁকে 'আসরের পরে দু' রাক'আত সালাত সম্বন্ধে জিজ্ঞেস করবে এবং বলবে যে, আমরা জানতে পেরেছি, আপনি ঐ দু' রাক'আত সালাত আদায় করে থাকেন। অথচ আমাদের কাছে সংবাদ পৌঁছেছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তা পড়তে নিষেধ করেছেন। (বর্ণনাকারী কুরাইব বলেন), অতঃপর আমি তাঁর কাছে যাই এবং তারা আমাকে যে সংবাদসহ পাঠিয়েছেন, তা পৌঁছাই। তিনি বললেন, এ বিষয়ে উন্মু সালামাহ (রাঃ)-কে জিজ্ঞেস করো।

তারপর আমি তাদের নিকট ফিরে এসে তার বক্তব্য তাদেরকে জানাই। তারা আমাকে পুনরায় উন্মু সালামাহ (রাঃ)-এর নিকট 'আয়িশাহর অনুরূপ সংবাদসহ পাঠালেন। উন্মু সালামাহ (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এ দু' রাক'আত আদায় করতে নিষেধ করেছেন, তা আমিও শুনেছি। কিন্তু পরবর্তীতে আমি তাকে এ দু' রাক'আত আদায় করতে দেখেছি। তবে তিনি এ দু' রাক'আত আদায় করেছেন 'আসরের (ফার্য) সালাতের পরে। অতঃপর তিনি যখন আমার কাছে আসেন, তখন আনসারের বনি হারাম গোত্রীয় কতিপয় মহিলা আমার কাছে উপস্থিত ছিল। তিনি সে সময় তা আদায় করেছেন। আমি আমার এক দাসীকে তাঁর কাছে এ বলে প্রেরণ করি যে, তুমি তাঁর পাশে দাঁড়িয়ে তাঁকে বলবে, হে আল্লাহর রসূল! উন্মু সালামাহ (রাঃ) এ দু' রাক'আত সালাত সম্পর্কে আপনাকে নিষেধ করতে শুনেছেন। অথচ এখন তিনি দেখছেন যে, আপনি তা নিজেই আদায় করছেন।

এ সময় তিনি হাত দিয়ে ইশারা করলে তাঁর থেকে সরে দাঁড়াবে। তিনি বলেন, দাসী তাই করলো। তিনি তাকে হাত দ্বারা ইঙ্গিত করায় সে সরে দাঁড়িলো। অতঃপর তিনি সালাত শেষে বললেনঃ হে আবৃ উমাইয়্যার কন্যা! তুমি আমাকে 'আসরের পরে দু' রাক'আত সালাত সম্পর্কে জিজ্ঞেস করেছো। ইসলাম গ্রহণের উদ্দেশ্যে 'আবদুল কায়িস গোত্রীয় কতিপয় লোক আমার নিকট আসার কারণে আমি যুহরের পরের দু' রাক'আত আদায় করতে পারিনি। এটা সেই দু' রাক'আত।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Narrated Kuraib, the client of Ibn 'Abbas:

That 'Abd Allah b. Abbas, 'Abd al-Rahman b. Azhar and al-Miswar b.

Makhramah sent him to 'Aishah, wife of the Prophet (ﷺ). They said: Convey our regards to her from all of us and ask her about the two rak'ahs after the 'Asr prayer, and tell her that we have been informed that she prays them, and we are told that the Messenger of Allah (ﷺ) prohibited them. I entered upon her and told her that for which they had sent me to her. She said: Ask Umm Salamah. I returned to them (Ibn 'Abbas and others) and informed



them about her opinion. They sent me back to Umm Salamah with the same mission for which they had sent me to 'Aishah. Umm Salamah said: I heard the Messenger of Allah (**) prohibiting them, but later on I saw him praying them. When he prayed them, he had offered the 'Asr prayer. He then came to me while a number of women from Banu Haram from the Ansar were sitting with me. He prayed these two rak'ahs. I sent a slave girl to him and I told her: Stand beside him and tell him that Umm Salamah has asked:

Messenger of Allah (**), I heard you prohibiting these two rak'ahs (after the afternoon prayer) but I see you praying them yourself. If he makes a sign with his hand, step backward from him. The slave girl did so. When he finished prayer, he said: O daughter of Abu Umayyah, you asked about the praying of two rak'ahs after the 'Asr prayer, in fact, some people of 'Abd al-Qais has come to me with the news that their people had embraced Islam. They hindered me from praying the two rak'ahs after Zuhr prayer. It is those two rak'ahs (which I offered after the 'Asr prayer)

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সাহু, অনুঃ সালাতরত অবস্থায় কেউ তার সাথে কথা বললে হাত দিয়ে ইশারা করা, হাঃ ১২৩৩), মুসলিম (অধ্যায় : মুসাফিরে সালাত ও কাসর করা) 'আবদুল্লাহ ইবনু ওয়াহাব হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কুরায়ব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন